**কবিতা/গল্প প্রকাশ**

সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১

***********************



হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক

# এই যুগ

EI YUG


"ওঠো, জাগো, লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না"



\- স্বামী বিবেকানন্দ


ইন্টারনেট সংস্করণ : eiyug.in [PRICE। মূল্য-2 টাকা]

HOWRAH । হাওড়া DAILY।দৈনিক RNI:WBBEN/2020/81746 11 JULY 2025, FRIDAY । ১১ জুলাই ২০২৫, শুক্রবার VOLUME । বর্ষ-5 ISSUE । সংখ্যা-329 PAGE । পৃষ্ঠা-4


## ‘টেন্টেডরা নতুন নিয়োগ প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবে না’, জানিয়ে দিল ডিভিশন বেঞ্চ




এই যুগ, কলকাতা,১০ জুলাই: নতুন নিয়োগ প্রক্রিয়ায় অংশ নিতে পারবে না "টেন্টেডরা"। এসএসসি নিয়োগ মামলায় ফের ধাক্কা খেল রাজ্য ও স্কুল সার্ভিস কমিশন। ‘চিহ্নিত দাগি’ বা টেন্টেডরা এসএসসি তে ফর্ম ফিল আপ করলেও, তা বাতিলের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। সিঙ্গল বেঞ্চের রায় বহাল রেখে বৃহস্পতিবার জানিয়ে দিল বিচারপতি সৌমেন সেনের ডিভিশন বেঞ্চ। নয়া বিজ্ঞপ্তি নিয়ে বিচারপতি সৌগত ভট্টাচার্যের সিঙ্গল বেঞ্চ যা যা নির্দেশ দিয়েছিল, ডিভিশন বেঞ্চ তা বহাল রাখল। এ দিন রাজ্য সরকারের কাছে আদালত জানতে চায়, যাঁরা ইতিমধ্যেই অযোগ্য হিসেবে চিহ্নিত হয়েছেন, তাঁদের পাশে কী ভাবে রাজ্য বা এসএসসি দাঁড়াচ্ছে? সুপ্রিম কোর্ট এসএসসি-র ২০১৬ সালের গোটা প্যানেল বাতিল করার নির্দেশ দেয় সুপ্রিম কোর্ট। ফলে রাতারাতি চাকরি হারান প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মী। তবে সুপ্রিম কোর্টের নির্দেশ, যাঁরা ‘আনটেন্টেড’, সেই সমস্ত শিক্ষক, শিক্ষিকা ডিসেম্বর মাস পর্যন্ত কাজ করতে পারবে। একই সঙ্গে রাজ্যকে নতুন করে নিয়োগ প্রক্রিয়া শুরু করার নির্দেশ দেওয়া হয়। নিয়োগপর্ব শেষ করতে ডেডলাইন দেওয়া হয় ২০২৫-এর ৩১ ডিসেম্বর। সেই মতো ফের নিয়োগের বিজ্ঞপ্তিও জারি করা হয়। আর এখানেই নতুন করে বিতর্ক শুরু হয়।এদিনের ডিভিশন বেঞ্চের রায়ে চাকরি হারাদের ভবিষ্যৎ ফের একবার প্রশ্নের মুখে। ইতিমধ্যেই চাকরি হারাদের চাকরি ফেরৎ এর আশা অনেকটাই শেষের দিকে বলে মত প্রকাশ চাকরিহারাদের।

## ইউনিয়ন বন্ধ হতেই শান্তি ফিরেছে শিবপুর বি কলেজে



এই যুগ, হাওড়া,১০ জুলাই: ইউনিয়নের দখল নিয়ে ছাত্র সংঘর্ষ, র‍্যাগিং, গুণ্ডামির জন্য এক সময় খবরের শিরোনামে থাকত শিবপুর বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি যা পরিচিত শিবপুর বি কলেজ নামে (বেসু)। বর্তমানে যার নাম আইআইইএসটি (ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং সায়েন্স অ্যান্ড টেকনোলজি)। ছাত্র সংঘর্ষের জেরে অতীতে সেখানে ছাত্র মৃত্যুর ঘটনাও ঘটেছে। কিন্তু এখন এই কেন্দ্রীয় শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ইউনিয়নের কোনও অস্তিত্ব নেই। বর্তমানে ছাত্র সংসদের নির্বাচনও হয় না এখানে। ইউনিয়ন উঠে যাওয়ার পর থেকেই সেখানে আর কোনও অশান্তির খবর মেলেনা।রাজ্যের সর্বত্র কলেজ-বিশ্ববিদ্যালয়ের ইউনিয়ন রুমে ছাত্র নেতারা রাজ করলেও এখানে তাঁদের কোনও জায়গা নেই। ছাত্রছাত্রী, শিক্ষক শিক্ষিকা থেকে কলেজ কর্তৃপক্ষ, সবাই একসুরে জানাচ্ছেন, ‘আমরা বেশ ভালো আছি’।

## আলিপুরদুয়ার পিকে মুখার্জি কলেজে ছাত্রছাত্রীদের বিক্ষোভ



মলয় দেবনাথ,এই যুগ,আলিপুরদুয়ার,১০ জুলাই: আলিপুরদুয়ার পি কে মুখার্জি কলেজের প্রিন্সিপালের দিকে আঙ্গুল তুলে অবস্থান বিক্ষোভ করলেন কলেজের ছাত্র-ছাত্রীরা। কলেজের একটি রুমে দেওয়ালে অশ্লীল ভাষা লেখা রয়েছে তাছাড়া অশ্লীল ছবি আঁকা রয়েছে। অশ্লীল ভাষা সহ ছবি মুছার দাবি তুলছেন কলেজের ছাত্রছাত্রীরা। গত চার দিন যাবৎ ছাত্র-ছাত্রীরা এই দাবি তুললেও কলেজের প্রিন্সিপাল কোনরকম ব্যবস্থা করছে না। ছাত্রছাত্রীরা মাথা নত করে চলছেন কলেজ প্রাঙ্গণে। বাধ্য হয়ে অবস্থান-বিক্ষোভ করেছেন ছাত্রছাত্রীরা। অবস্থান-বিক্ষোভ চলার দু'ঘণ্টা পেরিয়ে যাওয়ায় পরেও প্রিন্সিপালের দেখা নেই তিনি ফ্যানের নীচে বসে আরাম করছেন এমনটাই অভিযোগ ছাত্রছাত্রীদের। আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের পিকে মুখার্জি কলেজের গেটে তালা দিয়ে কলেজের সামনের রাস্তা অবরোধ করেন ছাত্র-ছাত্রীরা। এরপরেই কলেজ চত্বরে আসেন পুলিশ। পুলিশ এসে তাদেরকে বুঝিয়ে অবরোধ তুলে দেন।

## আলিপুরদুয়ারে আদ্যামা মন্দিরে উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী



মলয় দেবনাথ,এই যুগ, আলিপুরদুয়ার, ১০ জুলাই: আলিপুরদুয়ারে আদ্যামা মন্দিরের এক বছর পূর্তি উপলক্ষ্যে মন্দিরে আসলেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ বৃহস্পতিবার বেলা একটা নাগাদ। এদিন তার সঙ্গে ছিলেন আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল আলিপুরদুয়ার পৌরসভার চেয়ারম্যান প্রসেঞ্জিত কর সহ অনেকেই। মন্দিরের এক বছর পূর্তি উপলক্ষ্যে হোম যজ্ঞের আয়োজন করা হয়। এদিন মন্দির প্রাঙ্গনে ব্যাপক পরিমাণে ভক্তবৃন্দের ভিড় জমে এক বছর পূর্তি উপলক্ষ্যে। বর্ষপূর্তি উপলক্ষ্যে মন্দির প্রাঙ্গণকে ঢেলে সাজানো হয়েছে। এদিন মন্দির প্রাঙ্গণ ঘুরে দেখেন উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী উদয়ন গুহ ,বিধায়ক সুমন কাঞ্জিলাল এবং আলিপুরদুয়ার পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর।

## জেলার কথা

# গুরু পূর্ণিমায় শামুকতলায় ভক্তবৃন্দের ঢল নেমেছে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ জুলাই : শামুকতলা রামকৃষ্ণ সেবাশ্রমের উদ্যোগে বৃহস্পতিবার রাত আটটা নাগাদ গুরু পূর্ণিমা উদযাপন করা হয় শামুকতলা শক্তিনগর প্রাঙ্গনে। প্রচুর ভক্তের সমাগম হয় এদিন। সন্ধ্যা আরতি বিশেষ পূজা এবং গুরু পূর্ণিমার মাহাত্ম্য আলোচনা সহ কথামৃত পাঠ ও ধর্ম আলোচনা করা হয় শক্তি নগর প্রাঙ্গনে। এদিন বিকেল থেকেই শক্তিনগর প্রাঙ্গনে গুরু পূর্ণিমা উপলক্ষ্যে সাজো সাজো রব ছিল। শামুকতলা রামকৃষ্ণ সেবাশ্রমের কর্মকর্তাদের পরিচালনায় এবং ব্যবস্থাপনায় এই গুরু পূর্ণিমা উৎযাপনের আয়োজন করা হয়েছে। এলাকার বাসিন্দারাও সক্রিয়ভাবে সহযোগিতা করেছেন এই অনুষ্ঠানের জন্য। অধিক রাত পর্যন্ত চলবে অনুষ্ঠান জানিয়েছেন কর্মকর্তারা।

## কাগজের নৌকা

**১১ জুলাই ২০২৫ , শুক্রবার**

### মৃত্যু

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর ,পশ্চিমবঙ্গ )

মৃত্যু এক অজানা সত্য , এটা আগেই জেনেছি ,
চলার পথে কতো যে হোঁচট খেয়েছি ,
সামনাসামনি , মুখোমুখি ,কতবার মৃত্যুকে দেখেছি ,
শিউরে উঠেছিলাম বারংবার এই ভেবে ,
এই বিশ্বে মৃত্যুই কি এমন জিনিষ ;
যা হঠাৎ করে ছিনিয়ে নিয়ে যায় সবকিছু ,
হাত ধরে সজোরে টানে ,
শূন্য-হৃদয় শুধু করে হাহাকার।
আমি ভয় পাইনি কখনো ,
আমি ভয় পাই না কখনো ,
বিছানায় শুয়ে ছটফট করতে করতে ,
চোখ যখন অন্ধকার হয়ে গেল ,
বুঝতে পারলাম সময় এসেছে ,
যেতে হবে দূর রাস্তা ধরে দূরন্তে ,
ফিরবো না কখনো আমি এইখানে ,
কি অদ্ভুতভাবে জীবনটা চলে গেল ,
পড়ে থাকল সব কিছু এই খানে ,
তবুও মুখপানে চেয়ে থাকে ,
মৃত্যুকে জাপটে ধরলাম ,
জীবনের হাত ছাড়লাম ,
চলে গেলাম , এগিয়ে গেলাম ,
বহু দূরে , অনেক দূরে না ফেরার দেশে।।

# ব্রাউন সুগার সহ গ্রেপ্তার দুজন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ জুলাই : অভিযান চালিয়ে ২০৪ গ্রাম ব্রাউন সুগার সহ দুজন ব্যাক্তিকে গ্রেফতার করল বীরপাড়া থানার পুলিশ। গোপন সুত্রের খবরের ভিত্তিতে বীরপাড়া থানার পুলিশ রাহুল হক ও শাহাদত হোসেন নামক দুজনকে গ্রেফতার করে । তাদের কাছ থেকে ২০৪ গ্রাম ব্রাউন সুগার উদ্ধার হয়। ধৃতদের আলিপুরদুয়ার কোর্টে পাঠানো হয়েছে বৃহস্পতিবার বেলা বারোটা নাগাদ। তাদের বিরুদ্ধে এন ডি পিএস ধারায় মামলা শুরু করেছে পুলিশ।

# সহকর্মীদের দ্বারা নির্যাতিত স্কুল শিক্ষিকা , সরগরম আলিপুরদুয়ার জেলা




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ জুলাই : সহকর্মী দের জাত বিদ্বেষ মূলক হেনস্থার অভিযোগে আলোড়ন পড়ে গেছে গোটা জেলা জুড়ে। জেলার স্কুল পরিদর্শকের কাছে লিখিত অভিযোগ শিক্ষিকার। কামাখ্যাগুড়ি মিশন হাই স্কুলের শিক্ষিকা মনোরমা নার্জিনারী শিক্ষিকা হিসেবে তার অভিজ্ঞতাও দীর্ঘদিনের। ছাত্র ছাত্রীদের দের মধ্যেও তিনি জনপ্রিয়। এরপরও তাকে শুনতে হয়েছে জাতপাত নিয়ে অসম্মানজনক কথা। উঠে এসেছে অবাক হবার মত তথ্য। অভিযোগ , ওই শিক্ষিকার স্কুলের টিচার ইনচার্জ মুস্তাক আহমেদ শিক্ষিকা সঞ্চয়িতা নাগ শিক্ষক লিপক দেবনাথ তাকে মানশিক অত্যাচার করছেন। স্কুলে আসলেই তার জাত তুলে তাকে ছোট করা হত। এস টি কোটার চাকরি বলে বিরুপ মন্তব্য করা হতো। নীরবে সেই অত্যাচার সহ্য করছেন। তবে শেষ পর্যন্ত ধৈর্যের বাঁধ ভেঙে যায় কামাখ্যাগুড়ি মিশন হাই স্কুলের ওই শিক্ষিকা মনোরমা নার্জিনারী-র। সরাসরি এবার তিনি অভিযোগ করেছেন আলিপুরদুয়ারে জেলা বিদ্যালয় পরিদর্শককে। পাশাপাশি একটি অভিযোগ তিনি পাঠিয়েছেন আদিবাসী উন্নয়ন পর্ষদে। অভিযোগ পত্রে তিনি পরিস্কারভাবে অভিযুক্ত তিন স্কুল শিক্ষক , শিক্ষিকাদের নাম উল্লেখ করেছেন। তার দাবি অবিলম্বে আইনের নির্দিষ্ট ধারায় অভিযুক্তদের বিরুদ্ধে থানায় অভিযোগ করে ঘটনার তদন্ত করতে হবে। দোষীদের শাস্তির ব্যবস্থা করতে হবে। তিনি আরো জানিয়েছেন ,স্কুলের প্রশাসনিক কাজেও তাকে সমস্যায় ফেলা হয়েছে। তিনি বলেন , “আমি আমার যোগ্যতার বলে স্কুল শিক্ষিকা হয়েছি। এবং ছাত্র ছাত্রীদের নিজের ১০০ শতাংশ উজার করে পড়াশুনা করাই। অথচ আমারই সহ কর্মীরা এবং আমাদের বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আমার জাত নিয়ে কথা বলে। এমনকি যে সংবিধান অনুযায়ী সংরক্ষনের দরুন আমি চাকরী পেয়েছি সেটা নিয়েও বিদ্রুপ মন্তব্য করেন তারা। এটা একটি শিক্ষার প্রাঙ্গনে কোন ভাবেই কাম্য নয়। তাই এর বিচার চেয়ে আমি আবেদন করেছি। আমি আশাবাদী এর বিচার আমি নিশ্চয় পাব।” অভিযুক্ত বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক কোনরকম মুখ খুলতে চাননি। বিদ্যালয় পরিচালন সমতির সভাপতি জানিয়েছেন শিক্ষিকার অভিযোগ ভিত্তিহীন। শিক্ষিকার করা অভিযোগ প্রসঙ্গে জেলা বিদ্যালয় পরিদর্শক রবিনা তামাং বলেন , “গতকালই অভিযোগটি পেয়েছি। আমরা ঘটনার তদন্ত শুরু করছি। অভিযোগ প্রমাণিত হলে আইন অনুযায়ী পদক্ষেপ নেওয়া হবে।” তবে কামাখ্যাগুড়ি র মিশন হাই স্কুলের শিক্ষিকা মনোরমা নার্জীনারির অভিযোগের পরেই গোটা জেলার শিক্ষক-শিক্ষিকাদের মধ্যে আলোড়ন পরে গেছে।



# আলিপুরদুয়ার হাসপাতাল পরিদর্শনে বিধানসভার স্ট্যান্ডিং কমিটি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ জুলাই : বিধানসভার স্ট্যান্ডিং কমিটি আলিপুরদুয়ার জেলা হাসপাতাল পরিদর্শন করলেন। বৃহস্পতিবার মাদারিহাট এর স্বাস্থ্য ব্যবস্থা পরিদর্শন করার পর আলিপুরদুয়ার জেলা হাসপাতালে এসে খাবারের মান থেকে শুরু করে বিভিন্ন বিষয় নিয়ে স্বাস্থ্য কর্মীদের সঙ্গে কথা বলেন এবং আগামী দিনে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে আরও বেড বাড়ানো হবে হাসপাতালে উন্নয়ন করা হবে একগুচ্ছ আশ্বাস দিয়ে গেলেন। এদিন তার সঙ্গে ছিলেন আলিপুরদুয়ার বিধানসভার বিধায়ক সুমন কাঞ্জিলাল সহ বিভিন্ন স্বাস্থ্য দপ্তরের আধিকারিকরা। ষ্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান ডাঃ নির্মল মাজি সহ একাধিক ব্যক্তি এই পরিদর্শনে এসেছিলেন।

# বিশালাকার অজগর উদ্ধার করলো বনদপ্তর




মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,১০ জুলাই : অর্জুন পাড়া থেকে একটি পূর্ণবয়স্ক অজগর উদ্ধার করল বক্সা ব্যাঘ্র প্রকল্পের বনদপ্তরের কর্মীরা বৃহস্পতিবার বেলা দুইটা নাগাদ।এলাকার বাসিন্দা শুকরা মুন্ডা তার সুপারী বাগানে নেট দিয়ে বেড়া লাগিয়ে ছিলেন বাগান রক্ষার জন্য। শুকরা মুন্ডার লাগানো নেটেই আটকে যায় পূর্ণবয়স্ক অজগরটি। এরপর এলাকার বাসিন্দারাই সেটিকে মুক্ত করে বস্তায় ঢুকিয়ে রাখে। খবর দেওয়া হয় বনকর্মীদের। বনকর্মীরা গিয়ে অজগর টিকে নিয়ে আসেন। এলাকার বাসিন্দারা জানিয়েছেন অজগরটি পূর্ণবয়স্ক ওজন কম করে ১২ কেজি। নারার থলির জঙ্গলে অজগরটিকে ছেড়ে দেওয়া হবে জানিয়েছেন বনকর্মীরা।

# দলমোড় চা বাগানে উদ্ধার চিতাবাঘের মৃতদেহ



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১০ জুলাই : আলিপুরদুয়ার জেলার মাদারীহাট বীরপাড়া ব্লকের দলমোড় চা বাগানের চৌদ্দ/ডি সেকশনে বৃহস্পতিবার সকালে উদ্ধার হলো একটি চিতাবাঘের মৃতদেহ। জানা গেছে এদিন সকালে চা বাগানের শ্রমিকরা চিতাবাঘের মৃতদেহটি দেখতে পেয়ে বন কর্মীদের খবর দেন। খবর পেয়ে বন কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে চিতাবাঘের মৃতদেহটি উদ্ধার করে নিয়ে যান ও ময়না তদন্তের জন্য পাঠান। বন কর্মীরা জানান এটি একটি পূর্ণ ব্যস্ক পুরুষ চিতাবাঘ। এটির মৃত্যুর সঠিক কারন ময়না তদন্তের রিপোর্ট পেলেইজানা যাবে।




EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।